

NEWS RELEASE

বাংলাদেশে প্রায় ১,৭০,০০০ গ্রামীণ দরিদ্র পরিবারকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা প্রদানে সহায়তা করছে জিপিওবিএ ও বিশ্বব্যাংক

ঢাকা, ২৬ জানুয়ারি, ২০১৭: বিশ্বব্যাংকের আউটপুটভিত্তিক এইড (ওবিএ) স্যানিটেশন ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় বাংলাদেশের গ্রামীণ এলাকায় এক লাখ ৭০ হাজার দরিদ্র পরিবার স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের সুযোগ পাবে। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহারে সক্ষম করে তুলতে সরকারের উদ্যোগের নসাথে সমন্বয় রেখে বিশ্বব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ)-এর সঙ্গে অংশীদারিত্বেও ভিত্তিতে, এবং গ্লোবাল পার্টনারশিপ আউটপুটভিত্তিক এইড (জিপিওবিএ)'র আওতায় তিন মিলিয়ন মার্কিন ডলারের অনুদান দিচ্ছে।

বিশ্বব্যাংক আবাসিক কার্যালয়ের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর রাজশ্রী পারালকার বলেন, 'বাংলাদেশ গ্রামীণ এলাকায় উন্মুক্ত স্থানে মলত্যাগের অভ্যাস প্রায় সম্পূর্ণ পরিত্যাগের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যা এখন এক শতাংশে নেমে এসেছে। এটি বিশেষ করে পাঁচ বছরের কম বয়সী শিশুদের স্বাস্থ্য ঝুঁকি কমাতে সহায়তা করেছে এবং নারী ও কিশোরীদের স্বাস্থ্যগত এবং সামাজিক নিরাপত্তা ও মর্যাদা দিয়েছে। স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন হওয়ায় খাবার পানি সরবরাহ ব্যবস্থা ও পরিবেশেরও উন্নয়ন লক্ষ করা গেছে।'

তিনি বলেন, 'গ্রামাঞ্চলের জন্য ওবিএ স্যানিটেশন ক্ষুদ্রঋণ কর্মসূচি উন্নত স্যানিটেশনের ক্ষেত্রে এসডিজি লক্ষ্য অর্জনে আমাদের চলমান কাজে সম্পূর্ণক ভূমিকা রাখবে এবং গ্রামীণ পরিবারগুলোর সুলভ মূল্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সেবা পেতে সহায়ক হবে।'

ওবিএ অনুদানের মোট ২৫ মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প ব্যয়ের জন্য অংশীদারিত্বমূলক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলো (এমএফআইআই) থেকে পরিবারভিত্তিক ঋণ সরবরাহে প্রায় ২২ মিলিয়ন ডলার যোগান দেওয়ার মাধ্যমে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন সুবিধা প্রদানে সহায়তা করে থাকে। অংশীদারিত্বমূলক ক্ষুদ্রঋণ সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে এসোসিয়েশন ফর সোস্যাল এডভান্সমেন্ট (আশা) এবং পিকেএসএফ এর আরো ২০ সহযোগি প্রতিষ্ঠান। ক্ষুদ্রঋণ ও আউটফুট বেসড ভূর্তিকির সমন্বয় স্বল্প আয়ের পরিবারগুলোর জন্য স্থানীয় নির্মাণ প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ক্রয়ে স্বল্প সুদে ঋণ পাওয়া সহজ করবে। ফলে ল্যাট্রিন ক্রয়ের পুরো খরচ আগাম পরিশোধে সক্ষম নন, এমন জনগোষ্ঠীর জন্য মোট ক্রয় মূল্য কমে যাবে।

জিপিওবিএ প্রধান ক্যাথেরিন কমান্ডার ও'ফ্যারেল বলেন, 'স্বল্প আয়ের গ্রামীণ জনগোষ্ঠীর জন্য অধিকতর স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও সুলভ মূল্য স্যানিটেশন সেবা প্রদানে একটি ফলভিত্তিক প্রয়াসে সহায়তা করার ক্ষেত্রে বাংলাদেশের ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অংশীদার হতে পেরে জিপিওবিএ গর্বিত।'

তিনি বলেন, 'এই পদক্ষেপ বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানী খাতে বড় ধরনের প্রভাব ফেলেছে, আমরা ফলভিত্তিক পদক্ষেপের এবং অন্যান্য খাতে প্রয়োগকৃত পাঠের ফল দেখার অপেক্ষায় রয়েছি। এইকসঙ্গে আমরা দরিদ্র জনগোষ্ঠীর মৌলিক সেবার সুযোগ বাড়াতে উন্নয়ন সহযোগি ও কমিউনিটির সঙ্গে কাজ করছি।'

এই কর্মসূচি গ্রামীণ স্যানিটেশন খাতে বেসরকারিখাতের অংশগ্রহণ উৎসাহিত করতে বিশ্বব্যাংকের চলমান স্যানিটেশন বিপন্নন কার্যক্রমের সাথে সুসমন্বিত হবে। ২০০৯ সালে শুরু হওয়া বিশ্বব্যাংকের এই স্যানিটেশন বিপন্নন কার্যক্রম এখন অনেক বিস্তৃত হয়েছে এবং হাত ধোয়া ও প্রচলিত অভ্যাসের পরিবর্তনসহ স্বাস্থ্যসম্মত

NEWS RELEASE

স্যানিটেশনের বাজার সম্প্রসারণ এবং এর চাহিদা সৃষ্টিতে সহায়তা করছে। এছাড়াও বিপণন কার্যক্রমের মধ্যে ল্যাট্রিন পণ্যের মানন্বায়নে সহায়তা দেওয়া এবং নারীকে অগ্রাধিকার ও জেলার সংশ্লিষ্ট বিষয়গুলো বিবেচনায় নেওয়ায় এর ইতিবাচক প্রভাব পড়ছে। স্থানীয় স্যানিটেশন নির্মাণ প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি করছে এবং কমিউনিটির নেতৃত্ব ও স্থানীয় সরকারের প্রতিনিধিদের প্রকল্পের এডভোকেসি হিসেবে নিযুক্তি করছে।

GPOBA, a global partnership program founded in 2003 and administered by the World Bank, is a multi-donor trust fund used to develop output and results-based approaches to provide basic services in infrastructure, health and education. It has a portfolio of 47 OBA pilot projects with US\$234 million in commitments, serving approximately nine million people in poor and marginalized communities.

Contacts:

In Washington: Saúl E. González t. +1 202 473 2378, sgonzalez1@worldbank.org

In Dhaka: Mehrin A. Mahbub t. + (880-2) 5566-777 mmahbub@worldbank.org

For more information on GPOBA, visit: www.gpoba.org

For more information about the World Bank's work in Bangladesh, visit:
www.worldbank.org/en/bangladesh